

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৩৪৬০

১৮/ ইজারা (ভাড়া ও শ্রম বিক্রয়) (کتاب الإجارة)

পরিচ্ছেদঃ ৫৪. ইকালাহ (অনুতাপজনিত চুক্তি) বাতিল করার ফযীলত সম্পর্কে

بَابٌ فِي فَضْلِ الْإِقَالَةِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ مَعِينِ، حَدَّثَنَا حَفْصُ، عَنِ الْأَعْمَشِ، عَنْ أَبِي صَالِحٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَنْ أَقَالَ مُسْلِمًا أَقَالَهُ اللَّهُ عَثْرَتَهُ

صحيح

বাংলা

৩৪৬০। আবৃ হুরাইরাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি কোনো মুসলিমের (অনুরোধে তার) সাথে সম্পাদিত ক্রয়-বিক্রয়ের চুক্তি বাতিল করবে আল্লাহ তার গুনাহ ক্ষমা করে দিবেন।[1]

English

Narrated AbuHurayrah:

The Prophet (said: If anyone rescinds a sale with a Muslim, Allah will cancel his slip, on the Day of Resurrection.

ফুটনোট

[1]. সহীহঃ ইবনু মাজাহ (২১৯৯)।

হাদিসের শিক্ষা



- * এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:
- ১। আল্ ইকালা (অর্থাৎ: বিক্রীত বা ক্রীত বস্তু প্রত্যর্পণ করার সিদ্ধান্ত বা ইচ্ছা গ্রহণ করা) ওলামায়ে ইসলামের পরিভাষায় হলো:

ক্রেতা ও বিক্রেতা দুই পক্ষের পারস্পরিক সম্মতি দ্বারা তাদের ক্রয়বিক্রয়ের চুক্তিভঙ্গ ও বরখাস্ত করা এবং তাদের ক্রয়বিক্রয়ের প্রভাব বাতিল ও বিলুপ্তি করা।

- ২। ইসলাম ধর্মে আল্ ইকালার (অর্থাৎ: বিক্রীত বা ক্রীত বস্তু প্রত্যর্পণ করার সিদ্ধান্ত বা ইচ্ছা গ্রহণ করা) বিধানটি এসেছে মানুষের উপকার,সাহায্য,সহানুভূতির উদ্দেশ্যে এবং জটিলতা বা অসুবিধা দূরীকরণের জন্য। তাই মানুষের ভুল-ভ্রান্তির বিষয়গুলি ক্ষমা করে দেওয়া প্রকৃত ইসলামের বিধান মোতাবেক একটি প্রয়োজনীয় জিনিস।
- ৩। ইসলাম ধর্মে আল্ ইকালার (অর্থাৎ: বিক্রীত বা ক্রীত বস্তু প্রত্যর্পণ করার সিদ্ধান্ত বা ইচ্ছা গ্রহণ করা) বিধানটির পদ্ধতি হলো এইরূপ:

কোনো ক্রয়কারী ব্যক্তি অন্য কোনো বিক্রয়কারী লোকের কাছ থেকে কোনো বস্তু ক্রয় করার পর লজ্জিত বা অনুতপ্ত হয়েছে; সেই ক্রীত বস্তুতে কোনো দোষ বা খুঁত থাকার জন্য অথবা ক্রয়কারী ব্যক্তির কাছে সেই ক্রীত বস্তুর প্রয়োজন অথবা তার মূল্য না থাকার কারণে।তাই ক্রয়কারী ব্যক্তি উক্ত ক্রীত বস্তুটি বিক্রয়কারীকে ফেরত দিবে এবং বিক্রয়কারী ব্যক্তি উক্ত বিক্রীত বস্তুটি ফেরত নিবে।

৪। ইসলাম ধর্মে আল্ ইকালার (অর্থাৎ: বিক্রীত বা ক্রীত বস্তু প্রত্যর্পণ করার সিদ্ধান্ত বা ইচ্ছা গ্রহণ করা) বিধানটি এসেছে প্রকৃতপক্ষে ক্রয়কারীর প্রতি বিক্রয়কারীর অনুগ্রহ হিসেবে; কেননা ক্রয়বিক্রয়ের কাজ তো সম্পন্ন হয়ে গেছে; তাই বিক্রয়কারীর সমর্থন ছাড়া এই কাজ একাই ক্রয়কারীর দ্বারা সম্পাদিত হবে না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন